দৈনিক
আমার দেশ
THE DAILY AMAR DESH

এপ্রিল ২৬, ২০০৯

সূত্র: অ/ হি/ ১২৯

বরাবর,
জেলা প্রশাসক
ঢাকা,
বাংলাদেশ।

বিষয়: দৈনিক আমার দেশ ( ডিক্লারেশন স্মারক নং: জে/প্র/ঢা/ প্রকা:/ ২০০৩/১৬৭)- এর নতুন সম্পাদক নিয়োগ প্রসঙ্গে-

Received
29/8/09

জনাব,
আমি, মাহমুদুর রহমান, চেয়ারম্যান, আমার দেশ পাবলিকেশন্স লিঃ, কোম্পানীর বোর্ড অব ডাইরেক্টরস- এর সিদ্ধান্ত মোতাবেক দৈনিক আমার দেশের সম্পাদক হিসাবে নিযুক্ত হয়ে দায়িত্ব গ্রহণ করেছি।

উপরোক্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করে বাধিত করবেন।

বিনীত নিবেদক,
আমার দেশ পাবলিকেশন্স-এর পক্ষে

মাহমুদুর রহমান
চেয়ারম্যান

সংযুক্তি:
১। বোর্ড অব ডাইরেক্টরস-এর সভার কার্যবিবরণীর অনুলিপি।
২। নবনিযুক্ত সম্পাদকের সর্বশেষ শিক্ষাগত যোগ্যতার সনদের অনুলিপি।
৩। বিদায়ী ভারপ্রাপ্ত সম্পাদকের পদত্যাগের অনুলিপি।
৪। নবনিযুক্ত সম্পাদকের ছবি।

AMAR DESH PUBLICATIONS LIMITED
BSEC Bhaban (11th floor), 102 Kazi Nazrul Islam Avenue, Karwan Bazar, Dhaka-1215, Bangladesh
Phone : 8155011, 8159583-4 PABX : 8159575-80 Fax : 8159581-82

জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।
প্রাপ্তি নং ঃ তারিখ ঃ ০৭/০৬/০৯
অঃজেঃপ্রঃ(সাঃ)
অঃজেঃপ্রঃ(রাঃ)
অঃজেঃপ্রঃ(এল,এ)
অঃজেঃপ্রঃ(শিক্ষা ও আঃ)
অঃজেঃম্যাজিঃ
..........তারিখ মধ্যে উপস্থাপন করুন।
..........তারিখের মধ্যে নিস্পত্তি করুন।

গোপনীয়/জরুরী

স্পেশাল ব্রাঞ্চ, বাংলাদেশ পুলিশ
রাজারবাগ, ঢাকা।

স্মারক নং- ১৪৪ /৬২-২০০৯/সাঃ তারিখ ঃ ১৫/৫/২০০৯ খ্রিঃ

প্রতি

ডেপুটি কমিশনার
ঢাকা।

বিষয়ঃ দৈনিক "আমার দেশ" নামক পত্রিকার সম্পাদক নিয়োগ প্রসঙ্গে।

সূত্রঃ ডেপুটি কমিশনার ঢাকা এর স্মারক নং-জেপ্রঢা/প্রকাঃ/২০০৯-৩৪৫(সং), তারিখ ২০-৫-০৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, প্রস্তাবিত দৈনিক "আমার দেশ" নামক পত্রিকার সম্পাদক জনাব মাহমুদুর রহমান, পিতা-মৃত আব্দুল লতিফ, স্থায়ী ও বর্তমান ঠিকানা বাসা নং-০১, রোড নং-৭৭, গুলশান, সার্কেল-২, ঢাকা সঠিক পাওয়া গিয়েছে। প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা বিএসসি ইঞ্জিনিয়ার(বুয়েট), এমবিএআইবিএ ঢাকা বিশ্ববিদ্যালয়। তিনি তিন বছর যাবৎ দৈনিক "নয়া দিগন্ত" পত্রিকার নিয়মিত কলাম লিখছেন বলে জানা যায়। গত ২৬-৪-০৯ খ্রিঃ তারিখে দৈনিক "আমার দেশ" পাবলিকেসনস লিঃ কোম্পানীর বোর্ড অব ডাইরেক্টরদের সভার সিদ্ধান্ত মোতাবেক ১০-৫-০৯ খ্রিঃ হতে প্রস্তাবিত সম্পাদককে দৈনিক "আমার দেশ" পত্রিকায় সম্পাদক হিসেবে নিয়োগ করা হয়েছে। প্রার্থী বিনিয়োগ বোর্ডের সাবেক চেয়ারম্যান এবং জ্বালানী মন্ত্রণালয়ের সাবেক উপদেষ্টা। তিনি বিএনপি রাজনীতির সাথে সক্রিয়ভাবে জড়িত। সংশ্লিষ্ট থানা, নগর বিশেষ শাখা, ঢাকা ও অত্রাফিসের রেকর্ডে তার বিরুদ্ধে বিরূপ কোন তথ্য পাওয়া যায়নি।

ইহা আপনার অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

বিশেষ পুলিশ সুপার (ছাত্র-শ্রম)
পক্ষে/-এ্যাডিশনাল আইজি, স্পেশাল ব্রাঞ্চ
বাংলাদেশ পুলিশ, ঢাকা।

স্মারক নং ____/৬২-২০০৯/সাঃ তারিখ ঃ /০৯ খ্রিঃ।

অনুলিপি অবগতির জন্য বিশেষ পুলিশ সুপার, নগর বিশেষ শাখা, ঢাকা এর স্মারক নং-৪৫০৬, তারিখ ০২-৬-০৯ খ্রিঃ এর বরাতে প্রেরণ করা হলো।

বিশেষ পুলিশ সুপার (ছাত্র-শ্রম)
পক্ষে/-এ্যাডিশনাল আইজি, স্পেশাল ব্রাঞ্চ
বাংলাদেশ পুলিশ, ঢাকা।

দৈনিক
আমার দেশ
THE DAILY AMAR DESH

তারিখ: ০৩ সেপ্টেম্বর ২০০৯
সূত্র: অ/হি/২৬০

বরাবর
**জেলা প্রশাসক, ঢাকা**
বাংলাদেশ

**বিষয় : ছাপাখানার রক্ষক ও মূদ্রাকরের নাম পরিবর্তনের জন্য আবেদন**

জনাব
আমি, মাহমুদুর রহমান, চেয়ারম্যান আমার দেশ পাবলিকেশন্স লিমিটেড, কোম্পানীর বোর্ড অব ডাইরেক্টরস-এর সিদ্ধান্ত মোতাবেক ৪৪৬/সি ও ৪৪৬/ডি তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮ অবস্থিত আমার দেশ পাবলিকেশন্স লিমিটেড নামক ছাপাখানার রক্ষক ও মূদ্রাকর নিয়ুক্ত হয়েছি।

উপরোক্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করে বাধিত করিবেন।

বিনীত নিবেদক
আমার দেশ পাবলিকেশন্স লিমিটেড-এর পক্ষে

**( মাহমুদুর রহমান )**
চেয়ারম্যান

সংযুক্ত :

১। বোর্ড অব ডাইরেক্টরস-এর সভার কার্য বিবরনীর সত্যায়িত অনুলিপি
২। মেমোরেন্ডাম অব আর্টিকেলস-এর সত্যায়িত অনুলিপি
৩। ফরম XII এর সত্যায়িত অনুলিপি
৪। সার্টিফিকেট অব ইন কর্পোরেশনের সত্যায়িত অনুলিপি
৫। জাতীয়তা ও চারিত্রিক সনদ/ওয়ার্ড কমিশনারের সত্যায়িত অনুলিপি
৬। শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি
৭। ব্যাংক স্বচ্ছলতা সনদপত্রের সত্যায়িত অনুলিপি
৮। আয়কর সনদের সত্যায়িত অনুলিপি
৯। ছাপাখানার ঘোষণাপত্রের সত্যায়িত অনুলিপি
১০। প্রকাশক ও মূদ্রাকরের ঘোষণাপত্রের সত্যায়িত অনুলিপি
১১। ৩ কপি সত্যায়িত ছবি

**AMAR DESH PUBLICATIONS LIMITED**
BSEC Bhaban (11th floor), 102 Kazi Nazrul Islam Avenue, Karwan Bazar, Dhaka-1215, Bangladesh
Phone : 8155011, 8159583-4 PABX : 8159575-80 Fax : 8159581-82

# " ফরম- এ "

১৯৭৩ সনের ছাপাখানা ও প্রকাশানা (ডিক্লারেশন ও রেজিষ্ট্রেশন) আইনের ৪(২) মোতাবেক

## ছাপাখানার ঘোষনা পত্র।

নং- জেপ্রঢা/প্রকাঃ/২০০৯/ ১৫৫ পুরাতন নং- ৮৪/০৪, তাং- ২১/০৯/২০০৯ইং।

## অতিরিক্ত জেলা ম্যাজিষ্ট্রেটের আদালত, ঢাকা।

আমি **মাহমুদুর রহমান,** বয়স- ৫৫ বৎসর, পিতা- মরহুম আব্দুল লতিফ, বর্তমানে- বাসা নং- ১, সড়ক নং- ৭৭, গুলশান সার্কেল-২, ঢাকা- ১২১২, ঠিকানাতে অবস্থান করিতেছি এবং এই মর্মে হলফান্তে ঘোষনা করিতেছি যে,

আমি ৪৪৬/সি ও ৪৪৬/ডি তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা- ১২০৮ ঠিকানায় অবস্থিত **" আমার দেশ পাবলিকেশন্স লিমিটেড"** নামক ছাপাখানার রক্ষক ও মুদ্রাকর যাহাতে নিম্ন লিখিত মেশিন পত্র আছে।

১। একটি ফাষ্ট ৩০০ ওয়েব প্রিন্টিং প্রেস মেশিন, মডেল- ৫৬০ কাট, ভারত-১১, যাহা ভারতের তৈরী।

আমি এই মর্মে আরো ঘোষণা করিতেছি যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ অথবা বাংলাদেশ সরকারের স্বার্থের পরিপন্থী এমন কোন অপরাধজনক বা আপত্তিকর বিষয় আমার উপরোক্ত ছাপাখানা হইতে মুদ্রণে বিরত থাকিব এবং বাংলাদেশ সরকার কর্তৃক গৃহীত ১৯৭৩ সনের ছাপাখানা ও প্রকাশনা (ডিক্লারেশন ও রেজিষ্ট্রেশন) আইনের সমুদয় নিয়মাবলী মানিয়া চলিতে বাধ্য থাকিব।



(ঘোষনাকারীর স্বাক্ষর)

উপরোক্ত ঘোষনাকারী আমার পরিচিত। তিনি আমার সম্মুখে অত্র ঘোষনাপত্রে স্বাক্ষর করিলেন এবং আমি তাহাকে অতিরিক্ত জেলা ম্যাজিষ্ট্রেট, ঢাকা এর নিকট সনাক্ত করিলাম।

12/11/09

DIBAKAR BALA
Advocate
Judge Court, Dhaka
Rahman Mansion 1st Floor, Room No-11
21, Court House Street, Dhaka-1100

সনাক্তকারীর স্বাক্ষর পদবী ও তারিখ

একজন আইনজীবি কর্তৃক সনাক্তকৃত উল্লেখিত ঘোষনাকারী অদ্য--12/11/2009------ইং তারিখে আমার সম্মুখে এই ঘোষনা করিলেন।

অমিতাভ সরকার
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
ঢাকা।

দৈনিক
আমার দেশ
THE DAILY AMAR DESH

তারিখ: ০৩ সেপ্টেম্বর ২০০৯
সূত্র: অ/হি/২৫৯

বরাবর
**জেলা প্রশাসক, ঢাকা**
বাংলাদেশ

**বিষয় : দৈনিক আমার দেশ-এর প্রকাশকের নাম পরিবর্তনের জন্য আবেদন ।**

জনাব
আমি, মাহমুদুর রহমান, চেয়ারম্যান আমার দেশ পাবলিকেশন্স লিমিটেড, কোম্পানীর বোর্ড অব ডাইরেক্টরস-এর সিদ্ধান্ত মোতাবেক দৈনিক আমার দেশ-এর প্রকাশক নিযুক্ত হয়েছি ।

উপরোক্ত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ করে বাধিত করিবেন ।

বিনীত নিবেদক
আমার দেশ পাবলিকেশন্স লিমিটেড-এর পক্ষে

**( মাহমুদুর রহমান )**
চেয়ারম্যান

সংযুক্ত :

১ । বোর্ড অব ডাইরেক্টরস-এর সভার কার্য বিবরনীর সত্যায়িত অনুলিপি
২ । মেমোরেন্ডাম অব আর্টিকেলস-এর সত্যায়িত অনুলিপি
৩ । ফরম XII এর সত্যায়িত অনুলিপি
৪ । সার্টিফিকেট অব ইন কর্পোরেশনের সত্যায়িত অনুলিপি
৫ । জাতীয়তা ও চারিত্রিক/ওয়ার্ড কমিশনারের সনদের সত্যায়িত অনুলিপি
৬ । শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি
৭ । ব্যাংক স্বচ্ছলতা সনদপত্রের সত্যায়িত অনুলিপি
৮ । আয়কর সনদের সত্যায়িত অনুলিপি
৯ । পত্রিকা প্রকাশের পূরণকৃত আবেদনপত্র
১০ । ছাপাখানার ঘোষণাপত্রের সত্যায়িত অনুলিপি
১১ । প্রকাশক ও মুদ্রাকরের ঘোষণাপত্রের সত্যায়িত অনুলিপি
১২ । ৩ কপি সত্যায়িত ছবি

**AMAR DESH PUBLICATIONS LIMITED**
BSEC Bhaban (11th floor), 102 Kazi Nazrul Islam Avenue, Karwan Bazar, Dhaka-1215, Bangladesh
Phone : 8155011, 8159583-4 PABX : 8159575-80 Fax : 8159581-82

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর
১১২, সার্কিট হাউজ রোড, ঢাকা।

নং নিব-১/১০/ছাড়পত্র/২০০৯/ তারিখঃ

**বিষয়: দৈনিক 'আমার দেশ' পত্রিকার প্রকাশকের নাম পরিবর্তন প্রসঙ্গে।**

সূত্র : জেপ্রঢা/প্রকাঃ/২০০৯/৬৬৮ (সং), তারিখ: ১২-১০-২০০৯ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ১৯৭৩ সালের ছাপাখানা ও প্রকাশনা (ঘোষণা ও নিবন্ধীকরণ) আইনের ১৬ ধারা মোতাবেক ফরম 'সি' স্বাক্ষরপূর্বক প্রদান করায় ঢাকা থেকে প্রকাশিত দৈনিক **"আমার দেশ"** পত্রিকাটির প্রকাশক জনাব আলহাজ্জ মোঃ হাসমত আলী এর পরিবর্তে জনাব মাহমুদুর রহমান এর নাম প্রতিস্থাপন করার অনুমোদন দেয়া যেতে পারে।

স্বাঃ/-
(মাসুদা খাতুন)
উপ-পরিচালক (নিবন্ধন)
ফোন: ৯৩৩১৯৬৪

প্রতি
জেলা প্রশাসক
জেলা প্রশাসকের কার্যালয়
ঢাকা।

নং নিব-১/১০/ছাড়পত্র/২০০৯/ ৫১৯(৫) তারিখ: ১৫/১০/০৯

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:
১। জনাব মাহমুদুর রহমান, বাসা নং-০১, সড়ক নং-৭৭, গুলশান ব্লক-২, ঢাকা-১২১২।
২। নথি।

(মাসুদা খাতুন)
উপ-পরিচালক (নিবন্ধন)
ফোন: ৯৩৩১৯৬৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসক এর কার্যালয়, ঢাকা।
(প্রকাশনা শাখা)
www.dcdhaka.gov.bd

স্মারক নং- জেপ্রঢা/প্রকাঃ-২০১০/ ১৭৯ (সং)　　　　তারিখঃ- ১৫/০৩/২০১০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আলহাজ্ব মোঃ হাসমত আলী দৈনিক " আমার দেশ" পত্রিকার প্রকাশক হিসেবে বিগত ২৭/১২/২০০৩ইং তারিখে ঘোষণাপত্র স্বাক্ষর করেন। পরবর্তীতে তিনি ১১/১০/২০০৯ইং তারিখে উক্ত পত্রিকার প্রকাশকের দায়িত্বভার হতে " ফরম- সি " স্বাক্ষরের মাধ্যমে পদত্যাগ করেন। তাঁর পদত্যাগপত্র যথারীতি এ কার্যালয় কর্তৃক গৃহীত হয়। আলহাজ্ব মোঃ হাসমত আলী প্রকাশক হিসেবে উক্ত পত্রিকা হতে পদত্যাগের পরও প্রিন্টার্স লাইনে তার নাম ব্যবহার করার কারণে তিনি অত্রাফিসে প্রতিকার চেয়ে একটি আবেদন করেন। তার প্রেক্ষিতে দৈনিক " আমার দেশ" পত্রিকার প্রকাশক পদ থেকে পদত্যাগের পর প্রিন্টার্স লাইনে তাঁর নাম ব্যবহারের কোন সুযোগ নেই মর্মে ২৬/০১/২০১০ইং তারিখে জানিয়ে দেয়া হয়, যার অনুলিপি তাঁকে (সম্পাদক) প্রদান করা হয় (কপি সংযুক্ত)। কিন্তু অদ্যাবধি দৈনিক " আমার দেশ" পত্রিকার প্রিন্টার্স লাইনে প্রকাশক হিসেবে আলহাজ্ব মোঃ হাসমত আলীর নাম ব্যবহার করা হচ্ছে, যা আইন সম্মত নয়।

এমতাবস্থায় আলহাজ্ব মোঃ হাসমত আলী প্রকাশক এর দায়িত্ব থেকে পদত্যাগ করার পরও প্রিন্টার্স লাইনে তাঁর নাম ব্যবহার করার কারণে কেন পরবর্তী কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হবে না তার কারণ পরবর্তী ০৭(সাত) দিনের মধ্যে ব্যাখ্যা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৫.০৩.২০১০
(রেবেকা সুলতানা)
ভারপ্রাপ্ত কর্মকর্তা
প্রকাশনা শাখা
জেলা প্রশাসক এর কার্যালয়
ঢাকা।

সম্পাদক
দৈনিক আমার দেশ
বি এস ই সি ভবন (১২ তলা)
১০২ কাজী নজরুল ইসলাম এভিনিউ
কাওরান বাজার, ঢাকা।

দৈনিক আমার দেশ
THE DAILY AMAR DESH

তারিখ: ২৫ মার্চ ২০১০
সূত্র: আদ/১০/ ৫৫

বরাবর,
ভারপ্রাপ্ত কর্মকর্তা,
প্রকাশনা শাখা,
জেলা প্রশাসকের কার্যালয়,
ঢাকা।

বিষয়: আপনার কর্তৃক প্রেরিত পত্র নং জে প্র ঢা/প্রকাঃ-২০১০/১৭৯ তাং ১৫/০৩/২০১০ইং এর প্রেক্ষিতে ব্যাখ্যা দান প্রসঙ্গে।

জনাব,
বিনীত নিবেদন এই যে, বিষয়ে বর্ণিত আপনার কর্তৃক প্রেরিত পত্রটি দৈনিক আমার দেশ পত্রিকা ইতিমধ্যে প্রাপ্ত হইয়াছে। উক্ত পত্রটি প্রাপ্ত হইয়া আমরা অতিশয় বিস্মিত, হতাশ ও মর্মাহত হইয়াছি। পত্রে বর্ণিত বিষয়ে আমাদের বক্তব্য ও ব্যাখ্যা নিম্নরূপ-

(ক) আমার দেশ পত্রিকাটি কোম্পানী আইন, ১৯৯৪ অনুযায়ী নিবন্ধিত আমার দেশ পাবলিকেশন্স লিঃ এর মালিকানায় প্রকাশিত একটি পত্রিকা। আমার দেশ পাবলিকেশন্স লিঃ এর বোর্ড অব ডাইরেক্টরস-এর বিগত ০৪/১২/২০০৮ইং তারিখের বোর্ড সভার সিদ্ধান্ত মোতাবেক আমি নিম্ন স্বাক্ষরকারী মাহমুদুর রহমানকে প্রকাশক নিযুক্ত করা হয়। উক্ত সিদ্ধান্তের আলোকে ঢাকা জেলা প্রশাসকের দপ্তরে বিগত ০৩/০৯/২০০৯ইং তারিখের দরখাস্ত মূলে আমার দেশ পত্রিকার প্রকাশকের নাম পরিবর্তনের জন্য আবেদন করা হয়।

(খ) পরবর্তীতে আপনাদের চাহিত মতে প্রকাশক হিসাবে আমি নিম্ন স্বাক্ষরকারী নির্ধারিত ফরমে ঘোষণা পত্র প্রদান করি এবং আলহাজ্ব মোঃ হাসমত আলী নির্ধারিত ফরমে পদত্যাগ সংক্রান্ত ঘোষণাপত্র প্রদান করেন। উক্ত ঘোষণা পত্র সহ জেলা প্রশাসকের দপ্তরের পত্র স্বারক নং জেপ্রঢা/প্রকা/২০০৯/৬৬৮ তাং ১২/১০/২০০৯ইং এর প্রেক্ষিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের উপ-পরিচালক (নিবন্ধক) কর্তৃক জেলা প্রশাসক, ঢাকা বরাবরে স্মারক নং নিব-১/১০/ছাড়পত্র/২০০৯/৫১৯৫/১ তাং ০৫/১১/০৯ইং মূলে "ঢাকা থেকে প্রকাশিত দৈনিক 'আমার দেশ' পত্রিকাটির প্রকাশক জনাব আলহাজ্ব মোঃ হাসমত আলী এর পরিবর্তে জনাব মাহমুদুর রহমান এর নাম প্রতিস্থাপন করার অনুমোদন দেয়া যেতে পারে" মর্মে এক নির্দেশনা প্রদান করেন।

চলমান পাতা

AMAR DESH PUBLICATIONS LIMITED
BSEC Bhaban (Level 11), 102 Kazi Nazrul Islam Avenue, Karwan Bazar, Dhaka-1215, Bangladesh
PABX : 8159575-80, Fax : (880-2) 8159581-2, 8151444

(গ) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তরের উপ-পরিচালক (নিবন্ধক) কর্তৃক প্রদত্ত স্মারক নং নিব-১/১০ ছাড়পত্র/২০০৯/৫১৯৫/১ তাং ০৫/১১/০৯ইং এর আলোকে জেলা প্রশাসক, ঢাকা এর কার্যালয় হইতে মোঃ হাসমত আলী এর পরিবর্তে প্রকাশক হিসাবে মাহমুদুর রহমান এর নাম প্রতিস্থাপনের অনুমোদনের অপেক্ষায় আছি। উল্লেখ্য ইতিমধ্যে আমার দেশ পাবলিকেশন্স লিঃ এর ছাপাখানার রক্ষক ও মুদ্রাকরের নাম পরিবর্তনের বিষয়টি সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক বিধি মোতাবেক অনুমোদিত হইয়াছে।

(ঘ) কিন্তু অত্যন্ত দুঃখ ও পরিতাপের বিষয় প্রকাশক হিসাবে আলহাজ্ব মোঃ হাসমত আলীর পদত্যাগ ও মাহমুদুর রহমানের নাম তদস্থলে প্রতিস্থাপনের বিষয়টি একই সাথে বিবেচনা করা যৌক্তিক, আইন সম্মত ও জটিলতা নিরসনে সহায়ক হওয়া সত্ত্বেও আমার দেশ পত্রিকার প্রকাশক হিসেবে মাহমুদুর রহমানের নাম প্রতিস্থাপনের অনুমোদন পত্র ইস্যু ব্যতিরেকে আলহাজ্ব মোঃ হাসমত আলীর প্রকাশক হিসেবে পদত্যাগ পত্র গৃহিত হইয়াছে এবং প্রিন্টার্স লাইনে তাহার নাম ব্যবহারের সুযোগ নাই মর্মে বিষয়ে বর্নিত যে পত্র প্রদান করা হয় উহা আইনসম্মত নহে এবং স্বাভাবিক ন্যায়বিচার (Natural justice) এর পরিপন্থি বলিয়া প্রতিয়মান হয়।

(ঙ) নিয়মানুযায়ী পত্রিকায় প্রকাশকের নাম লিখিতে হয়। জেলা প্রশাসকের দপ্তরে প্রকাশক হিসেবে মাহমুদুর রহমানের নাম প্রতিস্থাপনের অনুমোদন ও আলহাজ্ব মোঃ হাসমত আলীর পদত্যাগের বিষয়টি প্রক্রিয়াধীন (Pending) থাকায় বিধি মোতাবেক নতুন প্রকাশক স্থলাভিষিক্ত না হওয়া পর্যন্ত পদত্যাগে ঘোষণা প্রদানকারী (পদত্যাগ পত্র গ্রহণ প্রক্রিয়াধীন) প্রকাশক আলহাজ্ব মোঃ হাসমত আলীর নাম আমার দেশ পত্রিকার প্রকাশক হিসেবে প্রকাশ করা হইতেছে। নিয়মানুযায়ী আমার দেশ পত্রিকার প্রকাশক হিসেবে মাহমুদুর রহমানের নাম প্রতিস্থাপনের অনুমোদন পাওয়ার সাথে সাথেই প্রকাশক হিসেবে মাহমুদুর রহমানের নাম ব্যবহারেই পত্রিকাটি প্রকাশ করা হইবে।

এমতাবস্থায় উপরে প্রদর্শিত ব্যাখ্যা সমূহ গ্রহণ পূর্বক আমার দেশ পত্রিকার প্রকাশক হিসেবে আলহাজ্ব মোঃ হাসমত আলীর নামের পরিবর্তে মাহমুদুর রহমানের নাম প্রতিস্থাপনের অনুমোদন প্রদানে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিতে বিনীত অনুরোধ জ্ঞাপন করিতেছি।

নিবেদক-

(মাহমুদুর রহমান)
ভারপ্রাপ্ত সম্পাদক
দৈনিক আমার দেশ